

তারিখ ... ..  
পৃষ্ঠা ১২ কলাম ... ..

## রাজশাহী পিএন স্কুলে বদলি নিয়ে তুলকালাম ॥ সন্ত্রাসী হামলায় ১০ ছাত্রী আহত

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ সোমবার রাজশাহীর ঐতিহ্যবাহী সরকারী পিএন বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাসহ ৬ জন শিক্ষক-শিক্ষিকার বদলি এবং পরে তা স্থগিতের ঘটনা নিয়ে তুলকালাম কাণ্ড ঘটেছে। সকাল থেকে ছাত্রীদের ক্রাস বর্জন, বিক্ষোভ মিছিলের এক পর্যায়ে প্রধান শিক্ষিকার মর্দমপুট একদল বহিরাগতের হামলায় অন্তত ১০ জন ছাত্রী আহত

(১১-পৃষ্ঠা ৫-এর সংশোধন)

## রাজশাহী পিএন স্কুলে

(১২-এর পাতার পর)

হয়েছে। তাদের মধ্যে অষ্টম শ্রেণীর ব শাবার ছাত্রী রিফা নামের একজনকে গুরুতর অবস্থায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদিকে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় প্রধান শিক্ষিকা পুলিশ ডাকেন। পুলিশ বিদ্যালয়ে বিক্ষোভরত ছাত্রী এবং কয়েক অভিভাবককে মারপিট করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এদিকে ছাত্রীরা প্রধান শিক্ষিকা রেবেকা সুলতানার অপসারণ অথবা অন্যত্র বদলির আন্টিমেটাম দিয়ে বলেছে, অন্যথায় তারা অনির্দিষ্টকালের জন্য ক্রাস বর্জন কর্মসূচীর মাধ্যমে প্রধান শিক্ষিকাকে অপসারণ অথবা বদলিতে বাধ্য করবে বলে হুমকি দিয়েছে। এদিকে বিকাল ৫টায় প্রধান শিক্ষিকা বিদ্যালয় পরিচালনা পরিষদের জরুরী সভা আহ্বান করেন এবং সন্ধ্যায় এ রিপোর্ট লেখা পর্যন্ত মিটিং চলছিল।